



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি. জে., সেক্টর-২, সল্টলেক সিটি,

কলকাতা-৭০০০৯১

নং- L/PR/93/2021

তারিখ: 06/09/2021

বিজ্ঞপ্তি

সংসদের পূর্ববর্তী বিজ্ঞপ্তি নং- L/PR/85/2021, তারিখ-11/08/2021 এর পরিপ্রেক্ষিতে সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয়তনের প্রধানকে জানানো যাচ্ছে যে, বর্ধিত ও পরিমার্জিত বিজ্ঞপ্তি অনুসারে একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের মার্কশিট তৈরীর ক্ষেত্রে মাধ্যমিক স্তরের পরীক্ষার ন্যূনতম মার্কস ৩০% গ্রাহ্য হবে, অর্থাৎ ২৫-২৯% গড় নম্বরও ৩০% হিসাবে গ্রাহ্য করতে হবে।

ক) একাদশ শ্রেণীর মূল্যায়িত মোট নম্বর ও মার্কশিট অভিভাবকদের মাধ্যমে ছাত্রছাত্রীদের হাতে আগামী ৫/১০/২০২১ তারিখের মধ্যে পৌঁছে দিতে হবে।

খ) প্রতিটি বিদ্যালয়ের নির্দিষ্ট e-mail এ Blank Marks Foil এর Soft Copy পাঠানো হবে। কোন বিদ্যালয় ২৯/১০/২০২১ তারিখের মধ্যে Soft Copy না পেলে বিদ্যালয়কে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

গ) একাদশ শ্রেণীর এই নির্ধারিত পদ্ধতিতে মূল্যায়িত নম্বর আগামী ১১/১১/২০২১ তারিখ থেকে ৩০/১১/২০২১ তারিখের মধ্যে সংসদের নির্দিষ্ট Marks Foil (Hard Copy) সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে শুধু A4 সাইজের পাতায় (70 GSM) Print করে জমা দিতে হবে। কোন Soft Copy (e-mail এর মাধ্যমে) গ্রহণ করা হবে না।

(ড: চিরঞ্জীব ভট্টাচার্য্য)

সভাপতি

পঃবঃউঃমাঃ শিক্ষা সংসদ